FDNY

অগ্নি-প্রতিরোধ ব্যুরো (Bureau of Fire Prevention)

www.nyc.gov/fdny

অক্টোবর, 2018(a)

নতুন!

আপনার বাণিজ্যিক রন্ধন একজস্ট (রেঞ্জহুড) এর ডিক্যালের পরিবর্তন হচ্ছে!

রেঞ্জহুড ডিক্যালগুলি

বাণিজ্যিক রন্ধন একজস্ট (রেঞ্জহুড) এর ডিক্যালের প্রয়োজন হয় কেন?
NYC ফায়ার কোড-এ বাণিজ্যিক রন্ধন একজস্ট ব্যবস্থার এবং গ্রীজ-যুক্ত বাষ্প তৈরি করে এমন অন্যান্য বাণিজ্যিক রন্ধন সরঞ্জামের নির্দিষ্ট সময় অন্তর পরিদর্শন ও সাফাইয়ের প্রয়োজন হয়। রেঞ্জহুড ডিক্যালগুলিতে বাণিজ্যিক রন্ধন একজস্টের সাফাই সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য থাকে।

রেঞ্জহুড ডিক্যালগুলি পরিবর্তিত হচ্ছে কেন?
NYC তদন্ত বিভাগ (DOI) আবিষ্কার করেছে যে বিভিন্ন রেঞ্জহুড সাফাই কোম্পানি বেআইনি কার্যকলাপে জড়িত রয়েছে। আপনি যে FDNY অনুমোদিত কোম্পানিকে নিয়োগ করেছেন নতুন রেঞ্জহুড ডিক্যালগুলি তা যাচাই করবে।

পুরনো রেঞ্জহুড ডিক্যালগুলির কী কী সমস্যা ছিল?
পুরনো রেঞ্জহুড ডিক্যালগুলির মাপ, আকৃতি, রং ও উপাদান বিভিন্ন ছিল, যার অর্থ সেগুলিকে সহজেই জাল করা যেত। সেইসঙ্গে, সেগুলিকে FDNY ও জনগণের পক্ষে বোঝা ও সনাক্ত করাও আরও কঠিন ছিল।

নতুন রেঞ্জহুড ডিক্যালগুলি কেমন দেখতে?
নতুন রেঞ্জহুড ডিক্যালগুলিকে বিভিন্ন নতুন নিরাপত্তা বৈশিষ্ট্য সহ প্রমিত করা হয়েছে। কেবলমাত্র FDNY অনুমোদিত রেঞ্জহুড কোম্পানিগুলিই ব্যবসাগুলিকে এই নতুন ডিক্যাল সরবরাহ করতে পারে। নতুন রেঞ্জহুড ডিক্যালগুলি FDNY ও জনগণের দ্বারা সহজেই সনাক্ত করা যায়।

নতুন PFE ট্যাগগুলি কিসের জন্য আরও ভালো হয়েছে?

নতুন রেঞ্জহুড (RANGEHOOOD) ডিক্যালগুলিতে নিম্নলিখিত নিরাপত্তা ব্যবস্থাগুলি রয়েছে:

- <u>QR কোড</u>

জনগণ ও FDNY-কে FDNY অনুমোদিত কোম্পানির তালিকা ব্যবহারের সুযোগ দেয়।

- <u>ধাতব রঙের UV স্তর</u>

উষ্ণমানের এবং প্রতিলিপি করা কার্যত অসম্ভব।

- <u>বারকোড</u>

প্রতিটি ডিক্যালের একটি করে অনন্য সিরিয়াল নম্বর থাকবে।

আমরা নতুন রেঞ্জহুড ডিক্যালগুলি কখন দেখতে পাবো?
<u>15লা নভেম্বর, 2018 থেকে শুরু হচ্ছে</u>

- নতুন রেঞ্জহুড ডিক্যালগুলিকে সার্ভিসের পরে লাগানো আবশ্যক।
- পূর্বতন পরিষেবার জন্য লাগানো পুরনো রেঞ্জহুড ডিক্যালগুলি তাদের মেয়াদ শেষ হওয়ার তারিখ পর্যন্ত বৈধ - কিন্তু সেটি 14লা ফেব্রুয়ারি , 2019 এর পরে নয়।

<u>15লা ফেব্রুয়ারি, 2019 থেকে শুরু হচ্ছে</u>

- FDNY কেবলমাত্র <u>নতুন</u> রেঞ্জহুড ডিক্যালগুলিকে স্বীকৃতি দেবে এবং যে ব্যবসাগুলির সঠিক সার্ভিস প্রতিপালনকারী ডিক্যাল থাকবে না তাদের উদ্দেশ্যে লঙ্ঘন জারি করবে।

আমি কীভাবে বুঝবো যে একটি রেঞ্জহুড ডিক্যাল জাল কিনা?



জাল ডিক্যালগুলিতে উচ্চমানের ধাতব UV স্তর থাকবে <u>না</u> বা ধাতব UV স্তরটি খুব বেশি কালচে দেখাবে।

~~~~~~

উপযুক্ততার শংসাপত্র (COF) এর সীলমোহর

উপযুক্ততার শংসাপত্রের সীলমোহর কী?

PFE ও রেঞ্জহুড সাফাই কোম্পানির যে কর্মচারীরা কাজটি সম্পাদন করেছেন তাদেরকে কার্যসম্পাদনের পর নিজেদের COF সীলমোহর প্রয়োগ করতে হবে।

COF সীলমোহর

সীলমোহরগুলিতে যা যা থাকবে:

- উপযুক্ততার শংসাপত্রের ধারকের পুরো নাম;
- উপযুক্ততার শংসাপত্রের নম্বর;
- কোম্পানির নাম, আইডি ও <u>থাকতে পারে</u> কোম্পানির লোগো

John Smith 12345678 777W	Commercial Cooking Equipment Group, Inc

~~~~~~

টিপস:

আমি কিভাবে পরিষ্কার করার জন্য কোম্পানি বাছাই করতে পারি।

আপনি যে কোনো FDNY অনুমোদিত কোম্পানি বেছে নিতে পারেন (এখানে প্রদত্ত তালিকা থেকে [(https://www1.nyc.gov/site/fdny/business/all-certifications/certificates-commercial-cooking-exhaust.page)](https://www1.nyc.gov/site/fdny/business/all-certifications/certificates-commercial-cooking-exhaust.page)অথবা QR কোড স্ক্যান করে (একটি ছবি তুলুন <u>অথবা</u> একটি বিনামূল্যের QR রীডার অ্যাপ্লিকেশন ডাউনলোড করুন) আপনার সেল ফোন থেকে এবং নিশ্চিত করে নিতে পারেন যে কোম্পানির নামটি FDNY দ্বারা অনুমোদিত কিনা। অনুমোদিত কোম্পানিগুলির তালিকা প্রতি 30 দিন অন্তর আপডেট করা হয়।

আমি কীভাবে কেবলমাত্র একটি FDNY অনুমোদিত কোম্পানিকেই নিয়োগ করা নিশ্চিত করতে পারি?

পরিষেবা প্রদানের আগে কোম্পানিকে নতুন PFE ট্যাগ বা প্রতিপালনের রেঞ্জহুড ডিক্যাল দেখাতে বলুন। কেবলমাত্র FDNY অনুমোদিত কোম্পানিগুলিই নতুন ট্যাগ ও ডিক্যালের অর্ডার দিতে পারে। কোম্পানিটির এখনও FDNY অনুমোদন আছে কিনা তা নিশ্চিত করতে সার্ভিসিং কোম্পানি ব্যবহারের আগে QR কোড স্ক্যান করুন।

সার্ভিস কোম্পানিটি তখনও পুরনো ট্যাগ/ডিক্যাল ব্যবহার করতে থাকলে আমি কী করবো?

আপনাকে কোম্পানিটিকে জানাতে হবে যে তাদের নতুন PFE ট্যাগ বা রেঞ্জহুড ডিক্যাল ব্যবহার করা আবশ্যক। তারা তা না করলে FDNY অনুমোদিত তালিকা থেকে অন্য কোনো কোম্পানিকে নিয়োগ করুন।

আমি কোনো অনুমোদনহীন কোম্পানিকে নিয়োগ করলে আমার কী ধরণের ঝুঁকি থাকতে পারে?

প্রথমতঃ, আপনি আপনার ব্যবসা, সম্পত্তি, আপনার গ্রাহকদের, প্রথম প্রতিক্রিয়াকারীদের ও জনগণকে ঝুঁকিতে ফেলছেন। দ্বিতীয়তঃ, আপনি লঙ্ঘন(গুলি) পাবেন। তারপরেও, আগুন লাগলে আপনার বিমা কোম্পানি আপনার করা যে কোনো দাবি অস্বীকার করবে।

আমি কীভাবে সার্ভিস কোম্পানির বেআইনি কার্যকলাপ বা সম্ভাব্য জালিয়াতি সম্পর্কে রিপোর্ট করতে পারি?

আপনাকে যে কোনো সমস্যা অবিলম্বে FDNY এর 718-999-2533 নম্বরে ফোন করে রিপোর্ট করতে হবে। আপনি ই-মেলও করতে পারেন: FDNY-কে এই অ্যাড্রেসে pubcert@fdny.nyc.gov